



“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
হোমনা, কুমিল্লা
www.dwa.homna.comilla.gov.bd

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মে/২৪ মাসের সভার কার্যবিবরণী


সভাপতি	ক্ষেমালিকা চাকমা উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৩-০৫-২০২৪
সভার সময়	১১:৩০ টা
স্থান	উপজেলা পরিষদ মিলনায়তন, হোমনা, কুমিল্লা।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”। সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং এতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	০২	০৩	০৪
০১.	<p>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সকলকে উদ্দেশ্য করে বলেন যে, বর্তমানে নারীর ক্ষমতায়ন এবং নারীর উন্নয়নের প্রধান অন্তরায় হচ্ছে নারী নির্যাতন। প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নারীরা অহরহই শারীরিক বা মানসিক নির্যাতনের শিকার হচ্ছে। যৌতুক, বাল্যবিবাহ এগুলো নারী নির্যাতনের মধ্যে অন্যতম। এই বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে মহিলা বিষয়ক অফিস কর্তৃক মাঠ পর্যায়ে নানা রকম কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে ঝাণ্ডিয়া, চাঁদেরচর, আসাদপুর ও দুলালপুর ইউনিয়নে নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ে ০৪টি উদ্ভবকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। অত্র কার্যালয়ে চলতি মাসে নারী নির্যাতন সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া যায়নি এবং ইতিপূর্বে প্রাপ্ত সকল অভিযোগ নিষ্পত্তি হয়েছে। তিনি আরও বলেন যে, প্রতিমাসে ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী উপজেলা কমিটির নিকট প্রেরণ করার কথা থাকলেও তা যথাসময়ে পাওয়া যায় না। এ ব্যাপারে চেয়ারম্যানগণকে সচেতন হওয়ার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়াও তিনি আরও বলেন যে, বাল্যবিবাহ পড়ানোর দায়ে গত ০২/০৫/২৪ তারিখে ধারমোড়া ইউনিয়নের কাজী মোঃ নুরুল ইসলামকে উপজেলা নির্বাহী অফিসার মোবাইল কোর্টের মাধ্যমে ৫০,০০০/- অর্থদণ্ড এবং ০৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।</p>	<p>০১। নারী ও শিশু নির্যাতন আইন সম্পর্কে জনগণকে জানানোর জন্য সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম আরও জোরদার করতে হবে। ০২। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদান করতে হবে।</p>	<p>০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ০২। চেয়ারম্যান (সকল)</p>

০২.	হোমনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, চলতি মাসে থানায় নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া যায় নি।	নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত যে কোনো অভিযোগ পেলে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
-----	---	---	-------------------------------

সভাপতি বলেন, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত যে কোনো অভিযোগ পাওয়া মাত্র প্রথমে তা গ্রাম আদালতে সোপর্দ করে শীমাংসা করার চেষ্টা করতে হবে। সম্ভব না হলে আইনি সহায়তার জন্য কোর্টে প্রেরণ করতে হবে। এ বিষয়ে তিনি চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচার প্রচারণা চালানার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৯-০৫-২০২৪

ফেমালিকা চাকমা

উপজেলা নির্বাহী অফিসার

১৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ:

২৯ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নম্বর: ৩২.০১.১৯৫৪.০০০.০৬.০২৬.২৪.১২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অডিটর, কুমিল্লা এবং
- ২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), হোমনা, কুমিল্লা।।




২৯-০৫-২০২৪

তানজুমা পারভীন লুনা

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা